

## প্রজ্ঞাপন

তারিখ, ২৮শে বৈশাখ, ১৪০৭ বাৎ/১১ই মে ২০০০ ইং।

এস,আর,ও নং ১২৮-আইন/২০০০।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, গৃহ ঋণ অর্থায়নে নিয়োজিত প্রতিষ্ঠানের গৃহ ঋণ অর্থায়ন ব্যবসা হইতে অর্জিত আয়কে নিম্নবর্ণিত শর্তাধীনে ১লা জুলাই, ২০০০ ইং তারিখ হইতে পাঁচ বছরের জন্য উহার উপর আরোপণীয় কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

- (১) প্রতিষ্ঠানটিকে কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীনে একটি কোম্পানী হইতে হইবে;
- (২) আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭ নং আইন) এর অধীনে সংশ্লিষ্ট কোম্পানীর বাংলাদেশ ব্যাংক প্রদত্ত লাইসেন্স থাকিতে হইবে;
- (৩) সংশ্লিষ্ট আয় গৃহ ঋণ অর্থায়ন ব্যবসা হইতে অর্জিত মর্মে জাতীয় রাজস্ব বোর্ডের প্রত্যয়নপত্র থাকিতে হইবে;
- (৪) আয়কর অব্যাহতির সময়কালের সহিত সম্পৃক্ত আয় বৎসরের জন্য সংশ্লিষ্ট Deputy Commissioner of Taxes এর নিকট আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে।

**Bangladesh Tax Update**

[www.kdroy.com.bd/www.ltr.com.bd](http://www.kdroy.com.bd/www.ltr.com.bd)

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,  
ফারুক আহমদ সিদ্দিকী  
সদস্য (আয়কর নীতি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ই জুন, ২০০২/৩০শে জ্যৈষ্ঠ, ১৪০৯

এস,আর,ও নং ১৫০-আইন/আয়কর/২০০২।—Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার এই বিভাগের ২৮শে বৈশাখ, ১৪০৭ বাংলা মোতাবেক ১১ই মে, ২০০০ ইংরেজী তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১২৮-আইন/২০০০ এতদ্বারা বাতিল করিল।

২। বাতিলকৃত উক্ত প্রজ্ঞাপনের আওতায় কর অব্যাহতি সুবিধা ভোগরত প্রতিষ্ঠানের ক্ষেত্রে এই প্রজ্ঞাপন জারীর তারিখ হইতে উক্তরূপ সুবিধা প্রত্যাহার করা হইল।

Bangladesh Tax Update

[www.kdroy.com.bd](http://www.kdroy.com.bd)/[www.ltr.com.bd](http://www.ltr.com.bd)

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ দেলোয়ার হোসেন

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)